

## রুচিরা শ্যাম (১৯৪৫-)

### অস্তুরায়

অপরাধী মনে হয় যখন ভিখারি হাত পাতে  
যাহোক তাহোক কিছু দিয়ে খুঁজি পালানোর পথ  
কেন যে এমন হয় সে প্রশ্নের জবাব না পেয়ে  
গোলপর্দাধায় ঘুরে নিজে শুধু বুড়ুক্ষু হয়েছি।  
জন্মান্বের অঞ্জলিতে আছে তার অন্ধতা তোমার  
দৃষ্টি তোমাকেই ঠিক চিনিয়েছি নিজের গারদ—  
কোথায় পালাবে তুমি পৃথিবী তো বেশি বড়ো নয়  
যেখানেই যাও থাকে অস্তুরায় নিজের ভিতর।

### ইতি

মা চলে গেলেন নিয়ে শেষ রূপকথা  
শূন্য খাটে পড়ে আছে কিছু বেলফুল  
রাতারাত্তি প্রৌঢ় যেন হয়ে গেছে তারা  
গলার লোহার চাবি কিছুই খোলে না।  
ফাঁকা ঘরে রুঢ় সাদা চোখে লাগে বড়ো  
কেউ কি পারো-না ঢেকে দিতে এত আলো?

### শূন্যঘর

আমার বাড়িতে আছে জনৈকের তালাবন্ধ ঘর  
কখনো দেখিনি তাকে জ্ঞানাবধি চাবিটা পেয়েছি  
মাঝে মাঝে কারো উক্তি শুনে ভাবি এই সেই লোক  
তার হাতে চাবি দিই তালাটা তো তখন খোলে না।  
ঘরটা বেবাক ফাঁকা তবু তার টান আছে বেশ  
মাঝে মাঝে সেটা খুলে মাঝরাতে সময় কাটাই  
কেউ বলে এটা নাকি ছিল গৃহদেবতার ঘর  
বাস্তহারী লোকগুলি চলে গেছে দেবতাসমেত।  
ঈশ্বর কি শরণার্থী সে কি খোঁজে নিজস্ব ঠিকানা  
সে কি নিরুদ্দিষ্ট শিশু ভুলে গেছে তার ডাকনাম  
আর বিশ্বে জানি তার আশ্রয় সহজ নয় পাওয়া  
আমি ঘর আগলে আছি যদি সে হঠাৎ এসে পড়ে।